


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৫৬.০৬৩.১৯-৮৭৪ তারিখঃ ১৮.১২.২০১৯ খ্রি.

**৪০তম বিসিএস পরীক্ষা-২০১৮ এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষার সময়সূচি :**

**কেন্দ্র : ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ।**

| তারিখ ও দিন | সকাল | বিকাল |
|---|---|---|
| | **সময় : সকাল ১০:০০টা - দুপুর ২:০০টা (৪ঘণ্টা)**<br>**বিষয়ের নাম ও বিষয় কোড** | নাই |
| ০৪.০১.২০২০<br>শনিবার | ইংরেজি (০০৩)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) | নাই |
| ০৫.০১.২০২০<br>রবিবার | বাংলাদেশ বিষয়াবলি (০০৫)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) | নাই |

| তারিখ ও দিন | সময় : সকাল ১০:০০টা - দুপুর ১:০০টা (৩ ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড | সময় : দুপুর ২:০০ টা - বিকাল ৪:০০টা (২ ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|
| ০৬.০১.২০২০<br>সোমবার | আন্তর্জাতিক বিষয়াবলি (০০৭)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) | গাণিতিক যুক্তি (০০৮)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |

| তারিখ ও দিন | সকাল ১০:০০টা - দুপুর ১:০০টা (৩ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড | সময় : দুপুর ২:০০টা - ৩:০০টা (১ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|
| ০৭.০১.২০২০<br>মঙ্গলবার | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি (০১০)<br>(শুধুমাত্র সাধারণ ক্যাডারের জন্য) | মানসিক দক্ষতা (০০৯) ১ঘণ্টা<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |

| তারিখ ও দিন | সময় : সকাল ১০:০০টা - দুপুর ২:০০টা (৪ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড | নাই |
|---|---|---|
| ০৮.০১.২০২০<br>বুধবার | ক. বাংলা ১ম ও ২য় পত্র (০০১ ও ০০২)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য ) | নাই |
| | **সময় : সকাল ১০:০০ টা - দুপুর ১:০০টা (৩ঘণ্টা)**<br>**বিষয়ের নাম ও বিষয় কোড** | নাই |
| | খ. বাংলা- ১ম পত্র (০০১)<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) | নাই |

**পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা:**

১. ক. ২০০ (দুইশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় হবে ৪(চার) ঘণ্টা এবং ১০০(একশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় হবে ৩(তিন) ঘণ্টা।

খ. **প্রার্থীর জন্য প্রযোজ্য সংশ্লিষ্ট সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যক।**

গ. লিখিত পরীক্ষায় গড় ন্যূনতম পাস নম্বর হবে ৫০%। লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী কোনো বিষয়ে ৩০% নম্বরের কম পেলে তিনি উক্ত বিষয়ে কোনো নম্বর পাননি বলে গণ্য হবেন। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হবেন।

চলমান পাতা/২

ঘ. লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাশ করা বাধ্যতামূলক।

ঙ. সাধারণ ক্যাডারের সঙ্গে কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য পছন্দদানকারী এবং শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য পছন্দদানকারী প্রার্থীর বেলায় কারিগরি/পেশাগত ক্যাডার সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ে [Job related] ২০০ নম্বরের ৪ ঘণ্টা সময়ের একটি একক বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

২. **প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে ৪০তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের ৩০(চ)-অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে। কাজেই উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর লেখা এবং বৃত্ত পূরণ করার ব্যাপারে প্রার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।**

৩. লিখিত পরীক্ষার জন্য প্রার্থীর নামে নতুন করে কোনো প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্ট-এর জন্য প্রাপ্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই প্রার্থীদের প্রিলিমিনারি (MCQ) টেস্ট-এর জন্য অনলাইনে গৃহীত প্রবেশপত্র সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে এবং প্রত্যেক পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশনা অত্যন্ত মনোযোগের সাথে পড়ে তদনুযায়ী অনুসরণ করতে হবে। **উল্লেখ্য, প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৪. **ক. পরীক্ষা হলে বই-পুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না।**

**খ. পরীক্ষা হলের গেটে মোবাইল ফোন এবং নিষিদ্ধ সামগ্রীর জন্য বিশেষ তল্লাশি অভিযান চালানো হবে। পরীক্ষা হলের গেটে ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী metal detector এর সাহায্যে সার্চ করে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে।**

**গ. পরীক্ষার সময় প্রার্থীগণ মুখ ও কানের উপর কোনো আবরণ রাখবেন না।**

**ঘ. পরীক্ষার হলে প্রার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।**

**ঙ. পরীক্ষা হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা তৎ সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।**

**চ. পরীক্ষা হলে উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশ করলে, নির্দেশনা অমান্য করলে বা পরীক্ষার হলে কোনোরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪-এর বিধান অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।**

**ছ. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট মোবাইল ফোন/ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, ক্যালকুলেটর বা উপরোক্ত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**জ. ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে।**

**ঝ. কাজেই পরীক্ষার দিন কোনোভাবেই মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা কোনো প্রকার ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র এবং উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী সঙ্গে না আনার জন্য প্রার্থীদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।**

**ঞ. বিসিএস পরীক্ষা বিধিমালা বিধান অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোর্পদ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোনো প্রার্থীর ক্ষেত্রে এইরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৫. গাণিতিক যুক্তি (আবশ্যিক) বিষয়ের ক্ষেত্রে কেবল সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।

৬. কোনো প্রার্থীর Admit Card হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং User ID/ Password ভুলে গেলে কমিশনের Website এ সংশ্লিষ্ট Home page-এর Admit Card Menu-তে ক্লিক করলে User Recovery ও Password Recovery বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে এবং Admit Card download করে প্রিন্ট করা যাবে।

৭. **হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৮. পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং জাতীয় পরিচয়পত্র পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের মিল রয়েছে কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি,স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের কোনোরূপ গরমিলসহ কোনোরূপ অনিয়ম ধরা পড়লে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা/৩

৯. লিখিত পরীক্ষা শুরু হওয়ার **১৫ মিনিট** পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

১০. পরীক্ষার দিনসমূহে সম্ভব হলে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য প্রার্থীদেরকে অনুরোধ করা হলো।

১১. **অনলাইনে রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর পূরণকৃত তথ্য এবং ৪০তম বিসিএস-এর বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ডিক্লারেশনের ঘোষণার ভিত্তিতে প্রার্থীকে অনলাইনে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ২১ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোনো substantive ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

১২. এ পরীক্ষায় যেকোনো অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য, কোনো প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৪১নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

১৩. **প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক প্রদান :**

প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের ভিত্তিতে কর্ম কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণ প্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। প্রতিবন্ধী প্রার্থীর আবেদন অনুযায়ী কেবল কর্ম কমিশন কর্তৃক প্রদত্ত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন কর্তৃক অনুমোদিত ও প্রদত্ত শ্রুতিলেখক ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে গ্রহণ করা হবে না।

৪০তম বিসিএস-এর লিখিত পরীক্ষার প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদের শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারী প্রত্যয়নপত্রসহ **আগামী ২৯.১২.২০১৯ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দফতরে লিখিত আবেদন পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পরে আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।**

১৪. **৪০তম বিসিএস-এর লিখিত পরীক্ষা double lithocode এবং barcode সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোডেড OMR ফরম সংযুক্ত থাকবে। উক্ত OMR ফরম-এর উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে :**

১. লিখিত পরীক্ষার দিনসমূহে প্রতিটি বিষয়ের জন্য প্রার্থীদের একটি করে লিথোকোডযুক্ত মূল উত্তরপত্র দেয়া হবে। সংযুক্ত লিথোকোড ফরম এ প্রার্থীর জন্য নির্ধারিত প্রথম অংশে প্রার্থী তার নাম লিখবেন, বিষয় কোডের ঘরে এ পরীক্ষাসূচির প্রথমাংশে আবশ্যিক বিষয়ের নামের পাশে উল্লিখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফরম-এর 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন 'ইংরেজি (আবশ্যিক)' বিষয়ের কোড ০০৩। সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ০০৩ লিখে নীচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

২. প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে মুদ্রিত রেজিস্ট্রেশন নম্বরটি উপরের ঘরে সাবধানতার সাথে লিখবেন। কোনো প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৮ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণকরে রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের লিথোকোডের সংশ্লিষ্ট ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ ভরাট করবেন।

৩. নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। পরীক্ষার নামের ঘরে **'৪০তম বিসিএস লিখিত পরীক্ষা'** এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

৪. পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

৫. অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। কোনো প্রার্থী ১টি অতিরিক্ত উত্তরপত্র নিলে প্রথম বৃত্ত, ২টি উত্তরপত্র নিলে ২য় বৃত্ত এবং ৩টি উত্তরপত্র নিলে ৩য় বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পর্যায়ক্রমে প্রয়োজন অনুযায়ী পূরণ করবেন।

চলমান পাতা/৪

৬. **বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত লিথোকোড ফরম-এর প্রথম অংশে কেন্দ্র, বিষয়কোড, অতিরিক্ত উত্তরপত্র নম্বরের ঘরে কোনোরূপ কাটাকাটি করলে এবং লিথোকোড অংশে কিছু লিখলে কোনোরূপ চিহ্ন বা দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।**

৭. **মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনাভাবেই লিখবেন না। লিখলে বা কোনোরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।**

৮. ক. সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থীদের জন্য ০৮.০১.২০২০ তারিখে অনুষ্ঠেয় 'বাংলা (বিষয় কোডঃ ০০১ ও ০০২)'আবশ্যিক বিষয়ের ক্ষেত্রে প্রার্থীকে পরীক্ষা কক্ষে দুটি লিথোকোডযুক্ত মুল উত্তরপত্র সরবরাহ করা হবে। 'বাংলা' বিষয়ের ০০১ কোডের জন্য প্রার্থীকে একটি এবং ০০২ কোডের জন্য একটি লিথোকোডযুক্ত পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে। **উল্লেখ্য, ০০১ কোডের উত্তরপত্রে ০০২ কোডের প্রশ্নের উত্তর প্রদান করা হলে সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল করা হবে।**

খ. কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের জন্য ০৮.০১.২০২০ তারিখে অনুষ্ঠেয় বাংলা (বিষয় কোড-০০১) আবশ্যিক বিষয়ের ক্ষেত্রে প্রার্থীকে একটি লিথোকোডযুক্ত মূল উত্তরপত্র সরবরাহ করা হবে।

৯. **ক. ০৭.০১.২০২০ তারিখে দুপর ২:০০ টা থেকে ৩:০০টা পর্যন্ত অনুষ্ঠেয় MCQ type** 'মানসিক দক্ষতা' (বিষয় কোড-০০৯) বিষয়ের পরীক্ষা দিন প্রার্থীগণ দুপুর ১:২০ মিনিটের মধ্যে নির্ধারিত পরীক্ষা হলের নিজ নিজ কক্ষে প্রবেশ করে নিদিষ্ট আসন গ্রহণ করবেন। ১:৩০ মিনিট প্রত্যেক প্রার্থীকে এক পাতার কম্পিউটারাইজড় (OMR) উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী উত্তরপত্রে তার কেন্দ্রের বৃত্ত পূরণ করবেন, রেজিস্ট্রেশন নম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয়ের ঘরে বিষয়কোড লিখে সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর প্রার্থী কর্তৃক পূরণীয় লিথোকোড ফরম-এর ১ম অংশ ছিঁড়ে পরিদর্শক আলাদা করবেন। ২য় অংশটি ৫০ (পঞ্চাশ) টি উত্তরের জন্য নির্ধারিত। **কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR উত্তরপত্রের বৃত্ত ভরাট করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত ভরাট করা যাবে না। উত্তরপত্রে কোনোরূপ ফ্লুইড ব্যবহার করা যাবে না। ২য় অংশে কোনোভাবেই প্রার্থী নাম, রেজিস্ট্রেশন নম্বর লিখবেন না বা কোনোরূপ চিহ্ন/দাগ দিবেন না। বৃত্ত ভরাট করার ক্ষেত্রে পেন্সিল কিংবা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট উত্তরপত্র এবং প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

**খ. দুপুর ১:৫৫ মিনিট প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র পাওয়ার পর প্রার্থীগণ তার প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রের নির্ধারিত স্থানে লিখবেন এর নীচের সংশ্লিষ্ট বৃত্ত কালো কালির বল পয়েন্ট দিয়ে পূরণ করবেন। ২:০০টা থেকে উত্তর দান শুরু হবে, ৩:০০টায় পরীক্ষা শেষে হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবে।**

১০. **MCQ type মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর হতে ০.৫ নম্বর করে কাটা যাবে।**

১১. পদসংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষাসূচি যথাসময়ে জানানো হবে।

১৫. আবশ্যিক বিষয়ের পরীক্ষার হল, আসন ব্যবস্থা যথাসময়ে দৈনিক পত্রিকা এবং পিএসসি'র ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে।

২৮.১২.১৯

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]